



২০ ডিসেম্বর, ২০১৭

কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর (ডাইফ), শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়

প্রেস রিলিজ

ই-ফাইলিংয়ে শ্রেষ্ঠত্বের সম্মাননা পেল ডাইফ

নথি পত্রাদির ইলেক্ট্রনিক ব্যবস্থাপনা (ই-ফাইলিং)-এ ত্রুটীয়বাবের মতো প্রথম স্থান অর্জন করায় শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় কর্তৃক কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর (ডাইফ)-কে সম্মাননা প্রদান করা হয়েছে। মঙ্গলবার মন্ত্রণালয়ের সভাকক্ষে অনুষ্ঠিত একটি অনুষ্ঠানে শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের ভারপ্রাপ্ত সচিব জনাব আফরোজা খান অধিদপ্তরের মহাপরিদর্শক জনাব মোঃ সামচুজ্জামান ভূইয়ার হাতে সম্মাননা তুলে দেন।

প্রধানমন্ত্রীর কার্যালয়ের অ্যাকসেস টু ইনফরমেশন (এটুআই)-প্রকল্পের আওতায় প্রতি সপ্তাহে ঘোষিত র্যাঙ্কিং-এ ১৮০টি সরকারি দপ্তর ও সংস্থার মধ্যে একমাসে তিনবার এই সাফল্য অর্জন করেছে ডাইফ।

কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তরের মহাপরিদর্শক মোঃ সামচুজ্জামান ভূইয়া বলেন, “ডিজিটাল বাংলাদেশ তথ্য রূপকল্প ২০২১ বাস্তবায়নে বর্তমান সরকারের গৃহীত পদক্ষেপের মধ্যে ই-নথির ব্যবহার অন্যতম। এ পদ্ধতিতে সরকারি কাজে তথ্য ও যোগাযোগ প্রযুক্তির সর্বোত্তম ব্যবহার করা হচ্ছে এবং কম সময়ে এবং কম খরচে স্বচ্ছতা ও জবাবদিহিতার সঙ্গে জনগণকে সেবা দেয়া যাচ্ছে।”

উল্লেখ্য, এ বছরের ফেব্রুয়ারিতে অধিদপ্তরের প্রধান কার্যালয়ের দাপ্তরিক কাজে ই-ফাইলিং চালু করা হয় এবং অক্টোবর হতে শতভাগ কার্যক্রম ই-ফাইলিং এর মাধ্যমে সম্পন্ন হচ্ছে। ফলশ্রুতিতে ১২ এবং ২৬ নভেম্বর এবং ১০ ডিসেম্বর ঘোষিত র্যাঙ্কিং-এ শীর্ষস্থান অর্জন করেছে ডাইফ।

ছবির ক্যাপশন: কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তরের মহাপরিদর্শক জনাব মোঃ সামচুজ্জামান ভূইয়াকে সম্মাননা প্রদান করছেন শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের ভারপ্রাপ্ত সচিব জনাব আফরোজা খান।

আরো তথ্যের জন্য:

মোঃ ফোরকান আহসান, তথ্য ও গণসংযোগ কর্মকর্তা, মোবাইল: ০১৯১৮৬৩০১৯৩, ই-মেইল: forkanahsan@gmail.com